


উপরাম ।



শ্রীযুক্ত রায় যদুনাথ মজুমদার বাহাদুর

এম, এ, বি, এল, কর্তৃক

প্রণীত ।

যশোহর


হিন্দু-পত্রিকা-প্রেমে

শ্রীকাশীপ্রসঙ্গ চট্টোপাধ্যায় রচিত

মুদ্রিত ও প্রকাশিত ।

শকা�্দঃ ১৮৭৩ ।





পূর্বে জ্বর হইলে কবিরাজ মহাশয়েরা "লজ্জন"ই ব্যবস্থা  
করিতেন। "জ্বাদৈ লজ্জনং পথাং জ্বরাস্তে লযুত্তোজনং।"  
মে দিন এখন গিয়াছে; এখন কবিরাজের রাজত্ব গিয়া  
ডাক্তারের রাজত্ব হইয়াছে। তাহারা vitality বা জীবনী-  
শক্তির জন্ম চিন্তিত। অনাহারে জীবনী শক্তির হ্রাস হইবে,  
এই তাহাদের ভয়। কবিরাজ মহাশয়েরাও শাস্ত্রের  
আদেশ উপেক্ষা করিয়া, দেশ-কাল-পাত্রানুসারে ডাক্তার  
বাবুদেরই অনুকরণ করিতেছেন। সুর কিন্তু ফিরিতেছে!  
পাশ্চাত্য চিকিৎসাব্যবসায়িগণ ইদানৌং উপবাসের ভূমসী  
প্রশংসা করিতেছেন; সুতরাং অবস্থাবিশেষে উপবাসই  
যে স্বাস্থ্যরক্ষার প্রধান উপায়, তাহা পুনর্বার এদেশের  
লোক বুঝিবেন বলিয়া আশা করা যায়।

বর্তমানে দেশ ঘেরপ দরিদ্র, তাহাতে উপবাস অভ্যাস  
করিলে, অর্থচিন্তারও অনেক লাভ হইবে, এ বিষয়ে  
সন্দেহ নাই। একথা উপহাসচ্ছলে বলিতেছি না, ঠিক মনের  
কথা বলিতেছি। অস্ততঃ দুইটা একানশী আর অমাবস্যা-  
পূর্ণিমার যদি উপবাস করা যাব, তাহা হইলে বৎসরে

প্রতোক বাতির দেড় মাসের অধিক কালের আহারের ব্যব  
বাঁচিয়া গেল। ইহাতে সকলের বাংসরিক ব্যয়ের অষ্টমাংশ  
বাঁচিল, অর্থাৎ শতকরা প্রায় ১২, টাকা বাঁচিয়া গেল।

উপবাসে দণ্ডিনের যেরূপ উপকার, ধনীরও তদ্ধপ;  
তাহার ধন ক্রমশঃ বৃদ্ধি পাইবে। ক্ষপণের পক্ষে উপবাস  
উপযোগী, দাতার পক্ষেও তাহাই। ইহা স্বার্থা দাতা দান  
করার অধিক সুবিধা পাইবেন।

টাকা বাঁচাইবার জন্ত, উপবাস করিয়া শরীরকে অনর্থক  
কষ্ট দিব কেন? এ প্রশ্নের উত্তর এই যে—উপবাসের  
স্বার্থা শরীরের কোন অপকার হয় না, কিন্তু বিশেষ উপকারই  
হয়। একেবারে উপবাস না করিলেই বরং শরীরের  
অপকার হয়।

আমাদের যে কোন ব্যাধি, তাহা প্রায়শঃ আমাদের  
অজীর্ণ-রস-সমুদ্রুত; আমাদের প্রাচীন খবরিয়া ইহা উচ্চ-  
কষ্টে আযুর্বেদশাস্ত্রে ঘোষণা করিয়া গিয়াছেন। “অপকারমুসং  
দোষবৈষম্যং রোগকারণম্।” দেহীর দেহে রোগাক্রমণের  
নিরানতভালোচনাম্ব বলা হইয়াছে যে, অপক আমুস স্বারাই  
দেহে দোষবৈষম্য অর্থাৎ বায়ু-পিত্ত-কফ, এই ত্রিদোষের  
বৈষম্য (অসামঞ্জস্য) রোগের কারণ হয়। পাশ্চাত্য চিকিৎ-  
সকেরাও ক্রমশঃ এই সত্ত্যের উপরিকি করিতেছেন।

আমরা যে বাহাই থাই, আমিষভোজীই হই বা নিরা-  
মিষভোজীই হই, তাহা ভাল ভাবে জীর্ণ না হইলে, অজীর্ণ-  
রস সর্ব-শরীরে সঞ্চারিত হয়; উহাই আমাদের সর্ববিধ  
ব্যাধির কারণ। আজ কাল Dyspepsia এবং Diabetes

ষা অস্তি ও বহুমৃত্যু রোগের বড়ই বাড়াবাড়ি দেখা যায়। অতিরিক্ত ভোজনই উহার কারণ। অঙ্গীর্ণ রস আমাদের শরীরের ষে ষষ্ঠে অধিক পরিমাণে সঞ্চারিত হয়, সেই ষষ্ঠই রোগাক্ত হয়। অনেক রোগ-গৌষ্ঠ অন্ত শরীর হইতে আমাদের শরীরে সংক্রান্ত হয় বটে, কিন্তু নিজের শরীর সম্পূর্ণ স্থস্থ ধাকিলে, বাহুবিষ শরীরে প্রবেশ করিলেও কোন ক্ষতি করিতে পারেনা; বদি করে, সে অতি সামাজিক ভাবে, সাংঘাতিক ভাবে নয়। উপবাসে কোন ভয় নাই। সপ্তাহে একবার করিয়া প্রতি রবিবারে উপবাস করিয়া দেখ। একদিন না থাইলে ত আর মরিবে নাওভাই! দেখ, শরীর সেদিন পূর্ণাপক্ষ ভাল থাকে কিনা। উপবাসের দিন অষ্টতঃ ছাইবার স্থান করিলে; উষায় ও মধ্যাহ্নে অথবা মধ্যাহ্নে ও অপরাহ্নে। আর একবারে নিম্নু উপবাস না করিয়া, হতবার ইচ্ছা—বিশুক জল বৃত্ত পার, থাইবে। উপবাসের দিন—অর্থাৎ ২৪ ঘণ্টার মধ্যে জল বাতীত আর কিছুই থাইবেনা। সুফল হাতে হাতে পাইবে; দেখিলে—পেট পরিষ্কার ইইয়াছে, জিহ্বা পরিষ্কার হইয়াছে, গাত্রে ‘ধনু ধিনু ভাব’ নাই, ভার বোধ নাই, অলসতা নাই, কার্য করিতে অনিচ্ছা নাই; শরীর শস্ত্র হইলে, মনে শ্ফুর্তি ও শাঙ্কা আসিবে। আযুর্বেদশাস্ত্র উপবাসের উপকারিতা-বর্ণনে বলিয়াছেন,—

‘অনবস্থিতদোষাপ্লেজ্যনঃ দোষপাচনঃ।

অবস্থঃ দৌপনঃ কাঞ্চকচিলাষ্টপাণ্ডমঃ॥’

অর্থাৎ অগ্নির অনবস্থিততায় ষে অঙ্গীর্ণ-রসকূপ দোষ

এবং তজ্জনিত বায়ু-পিত্র-কফের বৈষম্যরূপ দোষ অয়ে,  
 উপবাসে সেই রসের বিকৃতিক্রম দোষের পরিপাক বা  
 প্রকৃতিশূন্তা হয়। উপবাস জরনাশক, জর্ঠরাগ্নির উদ্বীপক,  
 কার্য্যে আগ্রহ ও উৎসাহ-জনক। উপবাসে আহাৰে কৃচি  
 বৰ্দ্ধিত হয়, আহাৰ্য্যের আস্থাদ মধুৰতাৰ বোধ হয়, শৰীৱ  
 লয়—অর্থাৎ ‘ধট্খটে—বার্বৰে’ হয় এবং উহা ‘প্রাণদ’  
 অর্থাৎ জীবনীশক্তিৰ বৰ্দ্ধক। নিশ্চয় জানিবেন, সিঙ্কৰি  
 আয়ুৰ্বেদাচার্যাগণেৱ এই উপবাস-গুণ-বৰ্ণনে একটুও অভূতাক্ষি  
 নাই। যদি ভগবানে বিশ্বাস থাকে, তবে উপবাসেৱ দিন  
 নিজেৱ প্ৰীতি অহুসারে, যে তাৰে হউক তাহাৰ উপাসনা  
 কৱিবে। ইহাতে ‘সোণায় সোহাগা’ দেওৱা হইবে। তুমি  
 যদি সুস্থ থাক, তাহা হইলে আৱও সুস্থ হইবে; যদি  
 রোগযুক্ত থাক, তবে রোগযুক্ত হইবে। তুমি যে কোন  
 কঠিন রোগেই আক্রান্ত থাক না, দেখিবে, উহাৰ অনেক  
 উপশম হইমাছে। ক্রমে সপ্তাহে এটক্রম দুইবাৰ উপবাস  
 কৱিবে এবং পরিবাৰস্থ সকলকে উপবাস কৱাইবে। ইহাতে  
 ডাক্তারেৱ খৱচ প্ৰায় বাঁচিয়া যাইবে; সেটাৰ কম  
 শান্ত নয়। এতদ্বাতীত প্ৰতি মাসে একত্ৰ তৌয়াংশ ‘ধাই-  
 খৱচ’ বাঁচিয়া গেল। এৱ সঙ্গে অমাৰস্তা, পূৰ্ণিমা, একাদশী  
 বোগ দিলে, আৱও ৪ দিনেৱ খৱচ বাঁচিয়া গেল। তবে  
 অনেক সময় রবিবাৰে গ্ৰি সকল পৰ্বদিন পাড়তে পাৱে।  
 যাহা হউক, শৰীৱেৱ কিছুগাত্র অনিষ্ট নাই, অনেক ইষ্ট  
 আছে, এমত স্থলে এই দারিদ্ৰা-পীড়িত দেশে মহাপকাৰী  
 উপবাসেৱ ফলে অৰ্থেৱ উন্নতি কথনই অগ্ৰাঞ্চলীয় নহে।

চেঁট ছেঁট বালক-বালিকা দিগকেও অল্প অল্প উপবাস করাইবে। তবে “ধাৰ ধাৰ” কৱিয়া বিৱৰণ কৱিলে, একটু একটু হঞ্চ দিবে। ক্রমে তাহারা ইচ্ছাপূৰ্বক (অস্ততঃ বিনাকৰ্ত্ত্ব) উপবাস কৱিবে।

উপবাসে কোন ভয় নাই। আমাদের যত রোগ, তাহার অধিকাংশই অতিৱিষ্ণু ও কুখ্যাত্যুক্ত-ভোজন-জনিত; কিন্তু উপবাস-জনিত নহে। বিধবারা অনেক উপবাস কৱেন, তাহাদের শুষ্ঠ ও তেজঃপূর্ণ শরীর দেখিয়াও কি কিছু শিক্ষা জান্ত কৱা ধার না? পুরোহিত ঠাকুরেৱা ও অনেক উপবাস কৱেন। আমরা দেখিয়াছি, অনেক বৃদ্ধ পুরোহিত ঠাকুৱ ছৰ্মোৎসবেৱ সময় দক্ষিণাত্ত শেষ না কৱিয়া জনস্পৰ্শ কৱেন না। তাহারা কেমন কৰ্ম্ম ও শুষ্ঠ! কে কোথাম শুনিয়াছ যে, ত্ৰি ব্যক্তি উপবাসে রোগগ্রস্ত হইয়াছেন? দীৰ্ঘকাল না খেলে, প্রাণীমাত্ৰেই মৱিবে, মে মিমে অনশ্চ কোন সন্দেহ নাই; কিন্তু সৰ্প, ভেক—বছদিন এবং সিংহ, ব্যাঘৰ প্ৰভৃতি জন্তু অনেক দিন অনাহারে থাকে; কিন্তু উহারা কেমন শুষ্ঠ ও সৰল!

উপবাসে কোন ভয় নাই; তবে এককল ভয়ও আছে; মে ভয় উপবাসেৱ জন্তু নয়, মে উপবাসেৱ ভয়েৱ ভয়! উপবাস কৱিলে আমি মৱিয়া যাইব বা কাতৰ—হুৰ্মুল—পীড়িত হইব, এই যে একটি সংস্কাৰ, উহা মেই সংস্কাৰ-জনিত ভয়। বস্ততঃ উপবাসে সাধাৱণতঃ কোনই ভয় নাই।

পৰীক্ষা কৱিয়া দেখা হইয়াছে যে, ৪০। ৫০ দিন

উপবাসেও মানুষ মরে না। ঘোর হৃতিক্ষ-কালে মানুষ উপবাসে মরে বটে, কিন্তু মে ‘মরিব’ এই ভয় অথবা হইতে দূদয়ে পোষণ করে বলিয়াই শীঘ্ৰ মরিয়া যায়। সাধারণের পক্ষে এ পরীক্ষার প্রয়োজন নাই। তাহারা সপ্তাহে এক দিন, দুই দিন এবং তৎপরে ক্রমে তিনি দিন উপবাস করিয়া দেখিবেন। ক্রমশঃ নিজেরাই বুবিতে পারিবেন যে আবশ্যক-মত সাময়িক উপবাসই স্বাস্থ্যের মূল। সাধারণতঃ মিতাহারী অর্থাৎ একটু অল্পাহারীই হইবে। শান্তি বলেন—“লঘুশী নাবসীদতি”—লঘু-আহারকারী কখনও অবসাদ-গ্রাহণ হন না। আমিষ-নিরামিষের কথা এখানে কিছু বলিব না। যাহারা মৎস্য মাংসাদি পরিত্যাগ করিতে পারেন নাই, তাহারা যেন উহা ক্রমে কমাইয়া দেন। তবে নিরামিষই খাও বা আমিষই খাও, যত কম করিয়া পার, থাইবে। সাময়িক উপবাস যেমন স্বাস্থ্যের মূল, দৈনিক অল্প আহারও তজ্জপ। উপবাসের পর দিন, নিত্য যেকোন আহার কর, তাহা অপেক্ষাও কম করিবে। আহারাত্তেই জল পান করিবে না; আহারের এক ঔহর বা তিনি ষণ্টার পর জলপান করিবে। অন্ততঃ পক্ষে অর্ধপঞ্চাহস বা দেড় ষণ্টা অপেক্ষা করা অতি আবশ্যক। ঠাণ্ডা ও সর্বদি অন্দি লাগিলে, গরম জল থাইবে এবং উহা যত পার, থাইবে; তাহাতে উপকার ভিন্ন অপকার নাই। মানুষের সর্বপ্রকার আহারের মধ্যে ছফ্ট ও ফলই ভাল। বালক, বৃক্ষ, ঝুবা, সকলের পক্ষেই ভাল। তন্মধ্যে ছফ্ট শিশু ও বৃক্ষের পক্ষে অধিকতর উপযোগী।

আমাদের দেশে অনেকে উপবাসাদির দিন বরং কিছু  
অতিরিক্তই আহার করেন ! একাদশীর উপবাস—আ'জ  
তাঁত খাইব না, কিন্তু থাব কি—না যদু বা আটা । তাতে  
আবার নানা উপকরণের ঘটা ! আটাটা ভাঁত হইতে লয়ু  
পথ্য কি না (!) বিচারটা মন্দ নয় । অভেজনের দিনেই  
ভুঁরি-ভোজন ! ফলিতার্থে উহা উপবাসের উপরাস মাত্র ।  
ধর্মের হিসাবেই কর বা স্বাস্থ্যের হিসাবেই কর, একপ  
উপবাসে ধর্ম ও স্বাস্থ্য, উভয়েই হানি । শেষে হয়ত  
বা প্রাণ নিয়া টানাটানি ! উপবাস করিতে হইলে,  
রীতিমত কর । যদি নিতান্ত অশক্ত হও, কিছু দুঃখ পান  
কর । দুঃখেই দেহ-রক্ষণোপসোগী সমস্ত পদার্থ বর্তমান ।

প্রাচীন কালে হিন্দুগৃহে একাদশীর দিন গো-অশ্বদিগের ও  
উপবাস করিতে হইত । গো-অশ্ব প্রত্তির ও শরীর-রক্ষার  
জন্য উপবাস যে প্রমোজনীয়, আমাদের তাহা বুঝা উচিত ।  
কুকুর-বিড়াল প্রত্তিকে মধ্যে মধ্যে স্বতঃসিদ্ধ প্রাকৃতিক  
শিক্ষায় উপবাস করিতে দেখা যায় । ফলে পশ্চাদির ও  
উপবাস আবশ্যিক ।

উপবাসাদিতে ধ্যান-ধারণার সাহায্য হয় ; এ কথা  
সকলে স্বীকার করিতে প্রস্তুত হইবেন না, কারণ, উপবাসের  
অভিজ্ঞতা তাহাদের নাই । তবে যোটায়ুটি বুরুন, ভুঁড়ি  
বা পেট অপরিকার থাকিলেই, মুড়ি (মাথা) অপরিকার  
থাকে । Tympanitis এর সঙ্গে সঙ্গেই দেখিবে, brain  
এবং Congestion হয় । রোগীর পেট ফাঁপিলেই মুক্তি !  
ডাক্তার তখনই enema দিয়া কুপ্ত মল বাহির করিয়া

দেন। না দিলে, তাহার মস্তিষ্কের বিকার হয়। অতিরিক্ত আহার করিলে, পেট ভরা গাকিলে, মাথা খেলে না। বড় শোকের ছেলের। তুঁড়ি লইয়া বিস্ত, শুভরাং অনেকেই ঝুঁড়ী (মাথা) আর্দ্ধ খেলে না। আহার কম করিলে, অগ্রাহ্য অঙ্গ-প্রতাঙ্গ ঘেঁকপ সবল হয়, মস্তিষ্কও তক্ষপ সবল হয়। ডাই! বিশ্বাস না কর, নিজেই পরীক্ষা করিয়া দেখ। একেবারেই ত কম থাটিতে বল। হইতেছে না, তাহাতেও ত শীরের ক্রশ ও হৃরিল হইবে, ফলে সাধারণতঃ একটু কম কম ধাওয়াই ভাল। শাস্ত্র তাহাকেই মিতাহার বলিয়াছেন। গীতায় উক্ত হইয়াছে—“নাত্যাশ্রতস্ত যোগোক্তি নচৈকাস্তমনশ্চতঃ।” অর্থাৎ অতাহার ও অভ্যাহার, উভয়ই স্বাস্থ্যের বিরোধী; শুভরাং যোগের হানিজনক। দেহের প্রধান যন্ত্রই মাথা। অতাহারে সেই মাগারই ‘মাথা-থাওয়া, হয়! স্বাস্থ্যই ধর্মসাধনের মূল; “শরীরমাত্রং থলু ধর্মসাধনম্।” কৃষ্ণ ব্যক্তি হারা জগতের কোন কার্যাই হয় না। ‘ধর্মই বল, আর কর্মই বল, আরোগ্য ভিন্ন সব অস্তিব। শাস্ত্র বলেন—ধর্মার্থকামমৌক্ষণ্যামা-রোগ্যং মূলমুক্তম্।’ উপবাসই সেই আরোগ্য বা স্বাস্থ্যের মূল; স্বাস্থ্যই চতুর্বর্গসাধনের উত্তম মূল। অতএব ষণ্ম-সন্তুষ্ট উপবাস অভ্যাস অবশ্য কর্তব্য।

আবার বলি, উপবাসে ভয় নাই। আমার তিন ক্রোশ পথ ইঁটিতে হইবে, উপবাস করিয়া কি করিয়া পারিব? কিন্তু কোন ভয় নাই; দেখিবে, ভৱা পেটের চেয়ে খালি পেটে ইঁটা ষাম বেশী;—ব্যায়াম হয়, ক্ষুধা বাঢ়ে। পরে

অমণ্ডলে মিতাহার করিলে, তুষ্টি, পুষ্টি, কুণ্ডিলভি ও বলবৃক্ষ  
সহজে ও শুধে সম্পাদিত হয়। অতএব সাধারণতঃ কম-  
কম থাণে, আর মাঝে মাঝে উপবাস করিবে। ইহাতে  
যদি শরীর শুষ্ট না হয়, উপবাসী, care of Editor,  
Hindu Patrika, ঠিকানার পত্র শিখিবে, আমি বিনা-  
পমসার তোমার স্বাস্থ্যের বিধান করিয়া দিব। বার বার  
বলি, উপবাসে কোন ভয় নাই। উপবাস কর, Malaria,  
Cholera, Small pox, Plague, Headache, Rheu-  
matism, Gout, গ্রাহ্য কোন রোগের ভয় থাকিবে না।  
উপবাস ভয়ের কারণ নয়, বরং অভয়েরই কারণ। উপবাস  
রোগীর আশ্রম, তোগীর রক্ষা-কবচ, যোগীর সাধন-সহায়।  
আমাদের শরীরের জন্য যতটুকু দরকার, তাহার অতিরিক্ত  
থাইলেই সেগুলি পেটে গিয়া পচে এবং সমস্ত শরীর সেই  
অঙ্গীর-রসোভূত বিষাক্ত পদার্থ ছার। আক্রান্ত হয়।  
মল-মৃত্ত ছারা যদি ঐ বিষাক্ত পদার্থগুলি বাহির না হইতে  
পারে, তাহা হইলেই আমরা কোন না কোন কঠিন ব্যাধি  
ছারা আক্রান্ত হই। সাধারণতঃ যাহার যে যন্ত্রগুলি দুর্বল  
থাকে, ঐ বিষাক্ত পদার্থ ছারা সেই যন্ত্রগুলিই অধিক  
অভিভূত হয় এবং আমরা সেই যন্ত্রের ব্যাধি-গ্রস্ত হই।  
ঐ বিষাক্ত পদার্থ যন্ত্রগুলিকে নিষেঙ্গ করিয়া ফেলে,  
শোণিত-প্রবাহিনী শিরাগুলিকে দুর্বলসে ঝুঁক করিয়া ফেলে।  
শুক্র রক্তের সঞ্চালন হয় না। যাহা সঞ্চালিত হয়, সে  
দুমিত রক্ত। ইতরাং সমস্ত শরীর বিষে জর্জরিত হয়।  
মাঝুষ কঠিন রোগে আক্রান্ত হয়। সে এক দিন হই

ଦିନେର ଅନିଯମେ ଲସ । ବିଧାତା ଆମାଦିଗଙ୍କେ ଏମନି କରିଯାଇଥିବା ପଠିତ କରିଯାଇଛେ, ସମୀକ୍ଷା ସାମାଜିକ ଅନିଯମ କରିଲେ, ସନ୍ତ୍ରଣ୍ଣଳି ନିଜେ ନିଜେଇ ସ୍ଵର୍ଗରେ ତାହାର ପ୍ରତିକାର କରିଯାଇଲସ ; କିନ୍ତୁ ବେଚାରାରୀ ସଥନ ଆର ପାରେ ନା, ଲ'ଡେ ପିଟେ ହସରାଣ ହସ, ତଥନ ହା'ର ମାନିଯା ବସେ, ଆର ଆମରା ସ୍ୟାଧିଗତ ହୁଏ ।

ଶରୀର ରୋଗଗତ ଓ ହର୍ବଳ ହଟିଲେ, ତଥନ ବାହିରେ ଶକ୍ତି ଓ ଆସିଯାଇଲେ ମହଜେ ଆମାଦିଗଙ୍କେ ଅଭିଭୂତ କରେ । ହର୍ବଳ ଶରୀରେଇ, Pneumonia, Tuberculosis, Typhoid fever ପ୍ରଭୃତି ରୋଗ-ବିଷ ମହଜେ ଅନିଷ୍ଟ କରିଲେ ପାରେ । “ଶକ୍ତେର ଭକ୍ତ, ନରମେର ଗର୍ବ” ଏ ପ୍ରବାଦ ଏଥାଲେ ଓ ପ୍ରମାଣିତ ହସ । ରୋଗ ଆମାଦେର ଆୟୁଦୋଷେରେ ସେଚ୍ଛା-ଗୃହୀତ ଦଣ୍ଡ ।  
ଶାସ୍ତ୍ର ବଳେନ—

“ରୋଗ-ଶୋକ-ପରିତାପ-ବନ୍ଧନ-ବାସନାନିଚ ।

ଆୟୁଦାପରାଧ ବୃକ୍ଷଶ୍ରୀଫ ଫଳାନ୍ତେତାନି ଦେହିନାମ ॥”

ରୋଗ, ଶୋକ, ପରିତାପ, ବନ୍ଧନ ଓ ବାସନ—ଆମାଦେବରେ ନିଜ-ଦୋଷ-କ୍ରପ ବୁଝିର ଫଳ । ଉପବାସ ଏହି ରୋଗ-କ୍ରପ ବିଷ ଫଳେର ବୁଝିର ଅତ୍ୟାହାର-କ୍ରପ ଆୟୁଦୋଷ-ବୌଜେର ଧବଂସ-ସାଧକ ; ଶୁତରାଂ ବୋଖିକ୍ରମଣେ ଆୟୁରକ୍ଷାର ଏକ ପ୍ରଧାନ ଉପାଯେ ଏହି ଉପବାସ ।

ଉପବାସ ଆରାନ୍ତ କରିଲେଇ, ସଥନ କୁଞ୍ଚାର ଉଦ୍ଦେଶ୍ୱର ହସ, ତଥନ ନା ଥାଇଲେଇ ଆ'ମା'ଦର ପାକଷ୍ଟଶୈର secretions ବନ୍ଧ ହସ, ଇହାକେଇ ମୋଟାମୁଟ୍ଟ କଥାଯି ଆମରା ‘ପିତ୍ରପଢ଼’ ବଲି । କୁଞ୍ଚାର secretions ବେଶୀ ହସ, ତାର ପର ନା ଥାଇଲେ, ଉହାରା

ষথন দেখে যে, বাহির হইয়া কোন লাভ নাই, উহাদের  
হজম করার কিছু নাই, তখন উহারা চূপ করিয়া যায়।  
তখন হয় কি, না আমাদের হজম করার যত যন্ত্র আছে,  
তাহারা বিশ্রান্তি লাভ করে। তখন গৃহ-পরিষ্কার কার্যাই  
আরুক হয়। আ'জ পাক-শাক কিছু হইল না, গৃহণী  
রামায়র ধুরে ছাপ-ছাপাই করিয়া ফেলিলেন। ভিতরেও  
তাহাই হয়। আভ্যন্তরিক ধৌতি আরুক হয়। দেহস্ত্রের  
তন্ত্রধারণী প্রকৃতির রৌতি এই। তাই উপবাস শরীর-  
শোধক, বিকৃতযন্ত্র-শাসক, রোগবীজ-নাশক এবং ছষ্ট রসের  
শোষক ও সংকোচক।

এনিমা প্রভৃতির ব্যবহার ব্যাপীতও ঘর্থেষ্ট পরিমাণে  
অল পান স্বারা এই আভ্যন্তরিক ধৌতি কার্যোর বিশেষ  
সহায়তা হয়। ষথন পেট খালি হইয়া গেল, তখন দেখিবে,  
জিহ্বা পরিষ্কার হইয়া গিয়াছে, মুখে দুর্গন্ধ মাত্রে নাই,  
মুখের ‘মিষ্টি মিষ্টি ভাব’ নাই; শরীর শয় ও মন শুল্ষ  
হইয়াছে, কার্য্য প্রবৃত্তি হইয়াছে, ক্ষুধা বেশ লেগেছে।  
কিন্তু উপবাসান্তে ক্ষুধা লাগিলেও বেশী থাইবে না। বরং  
“আধ পেটা” ভাল, তবু “ভৱ পেটা” ভাল নয়। আমাদের  
একটা মেমেলৌ প্রবাদ আছে “উন ভাতে ছনো বল,  
ভৱা ভাতে রসাতল।” কথাটাৰ প্রতিবর্ণ স্বর্ণময় সত্য।  
উপবাসের উপকারিতা এদেশে চিরস্মৃতিসজ্জ বলিয়া, শান্ত  
হইতে সামাজিক গ্রাম্য প্রবাদবাক্য পর্যাপ্ত তাহার সাক্ষ্য  
দিতেছে। উপবাসে অবহেলা বা অপারগতা এবং ঔদ্যোগিকতা,  
আর দাগিন্দ্রিয়দোষে অপুষ্টিকর কুপথ্যপুঞ্জে মেই ঔদ্যোগিকতাৰ

পরিত্পরণই আমাদের ব্যাধিস্থূলতা ও অন্নায়ুভার প্রধান নির্দান। পাকস্থলীতে যে পরিমাণ আহার ধরে, তাহার অর্কেক খাওয়াই যোগশাস্ত্রের বাবস্থা। চিকিৎসাশাস্ত্রেও তাহাই বলে, যথা,—

“ভোজ্যেন পুরয়েদৰ্কং পাদমেক্ষ্ম বারিণ।  
মরুতশ্চালনার্থঞ্চ চতুর্থমবশেষয়েৎ।”

অর্থাৎ পাকস্থলীর অর্কে-ভাগ ভোজ্যে ও সিকি ভাগ জলে পূর্ণ করিবে, ৪থ সিকি ভাগ বায়ু-চলাচলার্থ শৃঙ্খলা রাখিবে। তবেই দেখ, শাস্ত্রমতে ঠিক “আধপেটা” আহার-গ্রহণই স্বাস্থ্যকর। মোট কথা, ভাতে-জলে বায়ো আনাৰ বেশী না হয়, এই হিসাবে থাইবে। আৱ বিশুদ্ধ বায়ু সেবন করিবে, বিশুদ্ধ জল পান করিবে, লঘু ও পুষ্টিকর আহার করিবে; সপ্তাহে অন্ততঃ একদিন এবং অমাবিস্তা, পূর্ণিমা ও দুই একাদশীতে\* উপবাস করিবে; দেখিবে, তোমার কোন রোগ থাকিবে না।

যদি বলবান् হইতে চাও, নিয়মিত উপবাস কর; যদি অর্থ বাঁচাইতে চাও, উপবাস কর; যদি ধৰ্ম অর্জন

\* শাস্ত্র বলেন—

“অনুমান্ত্রিত্য পাপানি তিষ্ঠন্তি হরিবাসরে।

হরিবাসৰ অর্থাৎ একাদশী-নিম্নে সমস্ত পাপ আহার্য বস্তুকে আশ্রয় করিয়া থাকে—অর্থাৎ একাদশীতে আহার করিলে সর্বপাপতাগী হইতে হয়। ধর্মোন্নাস্ত ভারতেৱ অন্ত শাস্ত্ৰেৱ এই শাসন-বাকোৱ সূক্ষ্ম লক্ষ্য-ৱহন্ত শুধীজন বুঝিবেন।

করিতে চাও, উপবাস কর ; যদি অধিক শান্তিরিক্ষ প্রয়োজন হয়, তাও, উপবাস কর ; যদি অধিক মানসিক পরিশ্রম করিতে চাও, উপবাস কর ।

পূর্বেই বলিয়াছি, ধর্ম, অর্থ, কাম, মৌল্য, এই চতুর্বর্গ-সাধনের প্রধান উপায় শরীররক্ষা ; আবার শরীররক্ষার প্রধান উপায় উপবাস । অতএব নিম্নমিত উপবাস কর । উপবাসেই জীবন, উপবাসেই আশাদের সর্বার্থ-সাধন । শাঙ্কা ভগবত্তাক্য বলিয়াই উহা স্বতঃসিদ্ধ ‘আপ্ত’ অমাণ । সেই শাঙ্কে খণ্ডি-বাক্যের উপলক্ষচ্ছলে—ঐ শুন, ভগবান্হই বলিতেছেন—“সর্বার্থদং তপশ্চর্যং উপবাসং কলৌযুগে ।” কলিযুগে উপবাসই সর্বার্থসাধন তপস্তা । কলিযুগে “অঙ্গস্ত শোণ” বলিয়াই, সাধারণতঃ অত্যাহারে সেই প্রাণদ অন্নের অপব্যবহার হয় ; অতএব উপবাস-ক্লপ সাময়িক অনাহার ও দৈনিক অনাহার-ক্লপ মিতাহারই কলিয় মানবের অবশ্য কর্তব্য ।

---

